250

স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা-২০২০

উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো

২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ই-মেইল: dg@bnfe.gov.bd

ওয়েব-সাইট: www.bnfe.gov.bd

অক্টোবর ২০২০

22.10.2020

তপন কুমার ঘোষ

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়.

২৮০

সূচিপত্র

১. তথ্য অধিকার আইন,২০০৯ অনুসারে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র ভূমিকা

১.১ তথ্যের শিরোনাম

২. তথ্য সংগ্রহ ও সংরক্ষণ পদ্ধতি

৩. তথ্য প্রদানের পদ্ধতি

৪. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

৫. আপীল কর্তৃপক্ষ এবং আপীল পদ্ধতি

৬. পরিশিষ্ট: 'ক' স্ব-প্রণোদিত তথ্যের তালিকা

22.10.2020

তপন কুমার ঘোষ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

১. তথ্য অধিকার আইন-২০০৯ অনুসারে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর ভূমিকা:

সবার জন্য শিক্ষা নিশ্চিত করতে উপানুষ্ঠানিক পদ্ধতিতে সমাজের অবহেলিত ও সুবিধাবঞ্চিত ব্যাপক জনগোষ্ঠীকে সাক্ষরতা এবং জীবিকায়ন দক্ষতা প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাদেরকে দক্ষ মানব সম্পদে পরিনত করার লক্ষ্যে সরকার উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো প্রতিষ্ঠা করে। প্রতিষ্ঠালগ্ন থেকেই উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো সাক্ষরতা ও জীবিকায়ন দক্ষতা প্রশিক্ষণমূলক বিভিন্ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করে আসছে। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো উপানুষ্ঠানিক শিক্ষার শীর্ষ প্রতিষ্ঠান। তাই অবাধ তথ্যপ্রবাহ, কাজের স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিত করা এবং কাজের গুণগত মান বৃদ্ধির লক্ষে সর্বদা সহায়ক ভূমিকা পালন করে। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো অবাধ তথ্যপ্রবাহে বিশ্বাসী। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো 'তথ্য অধিকার আইন,২০০৯' বাস্তবায়নে আন্তরিক ও শ্রদ্ধাশীল। সংশ্লিষ্ট অংশীজনের উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো সংক্রান্ত তথ্যাদি প্রাপ্তি সহজতর করার লক্ষ্যে তথ্য অধিকার আইন,২০০৯ এবং এ আইনের আওতায় প্রণীত বিধিমালা ও প্রবিধিমালার আলোকে 'উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা-২০২০' প্রণয়ন করা হলো। এ নীতিমালা প্রণয়নের ফলে জনগণের সহজে ও বিনা হয়রানিতে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো সংক্রান্ত চাহিত তথ্য প্রাপ্তির দ্বার উন্মোচিত হবে।

১.১ তথ্যের শিরোনাম:

'স্ব-প্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা-২০২০' নামে অভিহিত হবে।

২. তথ্য সংগ্রহ ও সংরক্ষণ পদ্ধতি:

তথ্য অধিকার আইন-২০০৯ এর অধীন নাগরিকের তথ্য প্রাপ্তি অধিকার নিশ্চিত করার লক্ষ্যে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো প্রয়োজনীয় তথ্যসমূহ সংগ্রহপূর্বক তা যথাযথভাবে নিম্নরূপ সংরক্ষণ করবে।

(ক) স্ব-প্রণোদিত তথ্যসহ অন্যান্য সকল তথ্য (যা প্রকাশে আইনগত বাধা নেই) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র ওয়েব-সাইটে (www.bnfe.gov.bd) থাকবে।

৩. তথ্য প্রদানের পদ্ধতি:

(ক) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মুদ্রিত অনুলিপি, ফটোকপি, ইলেকট্রনিক ফরমেট বা প্রিন্ট-আউট পদ্ধতিতে তথ্য সরবরাহ করবেন।

(খ) বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তথ্য লাভে সহায়তা করবেন।

৪. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা:

তথ্য অধিকার আইন বাস্তবায়নের জন্য 'উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো তথ্য অবমুক্তকরণ নীতিমালা,২০০৯' অনুযায়ী তথ্য সরবরাহের লক্ষ্যে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার দাপ্তরিক পদবি ও টেলিফোন নম্বরসহ ঠিকানা অফিস আদেশের মাধ্যমে স্ব-স্ব দপ্তরের ওয়েব-সাইটে প্রকাশ করবে।

৫. আপলী কর্তৃপক্ষ এবং আপীল পদ্ধতি:

কোন ব্যক্তি যদি নির্দিষ্ট সময়সীমার মধ্যে তথ্য না পান কিংবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কোন সিদ্ধান্তে সংক্ষুব্ধ হন, তাহলে তিনি উক্ত সময়সীমা অতিক্রম হওয়ার পর বা সিদ্ধান্ত পাওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপীল কর্তৃপক্ষের নিকট আপীল করতে পারবেন।

- আপীল আবেদনে আপীলের কারণ উল্লেখপূর্বক সাদা কাগজে বা তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা-২০০৯ এর ফরম ('গ' সংযুক্ত) এ আবেদন করা যাবে;
- সংশ্লিষ্ট আপীল কর্তপক্ষ আপীল আবেদন প্রাপ্তির পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে আপীল নিষ্পত্তি করবে।

২২.১০.২০২০
তপন কুমার ঘোষ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

পরিশিষ্ট: 'ক'

উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র স্ব-প্রণোদিত তথ্যের তালিকা শাখা ওয়ারী বণ্টণ:

- উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সাংগঠনিক কাঠামো- প্রশাসন শাখা
- উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র নিয়োগ বিধিমালা- প্রশাসন শাখা
- উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র কার্যাবলী (আইন)- প্রশাসন শাখা
- কর্মকর্তা-কর্মচারীগণের দায়িত্ব- প্রশাসন শাখা
- বিভিন্ন ধরনের ফরমস- মনিটরিং ও পরিকল্পনা শাখা
- বার্ষিক প্রতিবেদন- বাস্তবায়ন ও পরিকল্পনা শাখা
- সকল প্রকাশিত প্রতিবেদন- এমআইএস, বাস্তবায়ন ও লাইব্রেরি শাখা
- উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক প্রণীত আইন, চাকুরি প্রবিধানমালা, প্রজ্ঞাপন, অফিস আদেশ, নির্দেশনা, ম্যানুয়াল ইত্যাদি- (সকল শাখা);
- উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র টেলিফোন নির্দেশিকা- লাইব্রেরি শাখা
- দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর ও ই-মেইল-এমআইএস শাখা
- ক্রয় কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি/টেন্ডার সংক্রান্ত তথ্যাদি- অর্থ ও লজি: শাখা
- তথ্য অধিকার সংক্রান্ত তথ্যাদি- লাইব্রেরি শাখা
- উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র বাৎসরিক বাজেট-অর্থ শাখা
- উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সিটিজেন চার্টার- প্রশাসন শাখা
- উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র প্রশিক্ষণ সংক্রান্ত প্ল্যান ও অগ্রগতি- প্রশিক্ষণ শাখা।

১৭/১২/2020

ফরিদা ইয়াসমিন
লাইব্রেরীয়ান
ও
তথ্য প্রদানকারী কর্মকর্তা
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১, তেজগাঁও শিল্প এলাকা